ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# স্থানীয় সরকার খাত:
# সুশাসনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়

২৫ মে ২০১৪

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা

- শাসন ব্যবস্থার বিকেন্দ্রীকরণ, অংশগ্রহণমূলক গণতন্ত্রের প্রাতিষ্ঠানিকীকরণ ও স্থানীয় পর্যায়ে জনগণের মৌলিক সেবা প্রদানকারী খাতসমূহের মধ্যে স্থানীয় সরকার অন্যতম
- বাংলাদেশের সংবিধান, ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা, নবম ও দশম সংসদ নির্বাচনে ক্ষমতাসীন দলের ইশতেহার এবং 'রূপকল্প ২০২১'-এ স্থানীয় সরকার ব্যবস্থার ওপর গুরুত্ব আরোপ
- ২০১২-১৩ অর্থবছরের সংশোধিত বাজেট স্থানীয় সরকার বিভাগের বরাদ্দ ১৩ হাজার ২২০ কোটি টাকা যা জাতীয় বাজেটের ৬.৯৮% (ভারতে ১১.৭% ও নেপালে ৯%) এবং জিডিপি'র ১.২৭%
- সংবাদপত্র ও প্রতিবেদনে স্থানীয় সরকার খাতের দুর্নীতি ও অনিয়মের প্রতিবেদন প্রকাশ - উন্নয়নমূলক কাজ, সেবা ও নির্বাচন সংক্রান্ত দুর্নীতি
    - স্থানীয় সরকার সেবা খাতে জাতীয়ভাবে প্রাক্কলিত মোট নিয়ম-বহির্ভূত অর্থ লেনদেনের পরিমাণ ১৫০.২ কোটি টাকা (টিআইবি'র জাতীয় খানা জরিপ, ২০১২)
- সার্বিকভাবে স্থানীয় সরকার খাতের ওপর সুশাসন বিষয়ক গবেষণার অপ্রতুলতা
- টিআইবি'র কার্যক্রমে অন্যতম গুরুত্বপূর্ণ খাত হিসেবে অন্তর্ভুক্ত
- স্থানীয় সরকার খাতে ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে এ গবেষণার উদ্যোগ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# গবেষণার উদ্দেশ্য ও পরিধি

## প্রধান উদ্দেশ্য

স্থানীয় সরকার খাতে সুশাসনের চ্যালেঞ্জ চিহ্নিত করা এবং তা থেকে উত্তরণের জন্য সুপারিশ প্রস্তাব করা

## সুনির্দিষ্ট উদ্দেশ্য

- স্থানীয় সরকার খাতের আইনি, কাঠামোগত ও প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা চিহ্নিত করা
- এ খাতের অনিয়ম ও দুর্নীতির ধরন ও কারণ নিরূপণ করা

## গবেষণার পরিধি

- স্থানীয় সরকার খাতের আর্থিক বরাদ্দ, জনবল ব্যবস্থাপনা, কার্যক্রমের তদারকি, পরিবীক্ষণ ও মূল্যায়ন, গঠন, প্রতিষ্ঠানসমূহের আন্তঃসম্পর্ক, তথ্যের উন্মুক্ততা, অবকাঠামো, আর্থিক ব্যবস্থাপনা (লজিস্টিকস ব্যবহার ও ক্রয় প্রক্রিয়া) ও নিরীক্ষা, উন্নয়নমূলক কার্যক্রম/ প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন, সেবামূলক কার্যক্রম এবং স্থানীয় সরকার শক্তিশালীকরণ
- গবেষণায় উপস্থাপিত পর্যবেক্ষণ সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং সরকারি সংস্থার কার্যক্রম এবং কর্মকর্তা-কর্মচারীর ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য নয়, তবে সুশাসনের বিদ্যমান চ্যালেঞ্জের ধরন সম্পর্কে একটি ধারণা দেবে

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# গবেষণা পদ্ধতি

- গুণগত তথ্যভিত্তিক গবেষণা
- গুণগত গবেষণা পদ্ধতি ব্যবহার করে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ

**তথ্য সংগ্রহের পদ্ধতি**

- মুখ্য তথ্যদাতার সাক্ষাৎকার, পর্যবেক্ষণ এবং কেস স্টাডি
- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনে স্থানীয় সরকার বিভাগ, প্রতিষ্ঠান এবং অধিদপ্তরসমূহের ওপর প্রাথমিক ও পরোক্ষ উৎস হতে তথ্য সংগ্রহ

**প্রাথমিক তথ্যের উৎস** - স্থানীয় সরকার বিভাগ, পাঁচ ধরনের স্থানীয় সরকার প্রতিষ্ঠান (১২টি) ও অধিদপ্তরগুলোর কর্মকর্তা-কর্মচারী, জনপ্রতিনিধি, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সংসদ সদস্য, স্থানীয় সরকার বিশেষজ্ঞ, স্থানীয় সরকার কমিশনের (বিলুপ্ত) সদস্য, ঠিকাদার ও সাংবাদিক

**পরোক্ষ তথ্যের উৎস** - সংশ্লিষ্ট আইন ও বিধি, টিআইবি'র গবেষণা [জাতীয় খানা জরিপ ২০১২ (৬৪টি জেলার ৩৫০টি এলাকার স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সেবা সংক্রান্ত তথ্য), ৪৩টি জেলায় বেইজ লাইন জরিপ (৫৫টি), রিপোর্ট কার্ড (৬৪টি), কার্যপত্র (উপজেলা পরিষদ ও জেলা পরিষদ), এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ওপর গবেষণা], অন্যান্য প্রাসঙ্গিক গবেষণা প্রতিবেদন, ওয়েবসাইট ও গণমাধ্যমে প্রকাশিত সংবাদ ও প্রবন্ধ

**গবেষণার সময়** - ফেব্রুয়ারি ২০১৩ থেকে মে ২০১৪

# স্থানীয় সরকার খাতের কাঠামো

## স্থানীয় সরকার খাত

### স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

#### স্থানীয় সরকার বিভাগ

**স্থানীয় সরকার প্রতিষ্ঠান**

| গ্রামীণ | নগরকেন্দ্রিক |
| --- | --- |
| ▪জেলা পরিষদ (৬৩)<br>▪উপজেলা পরিষদ (৪৮৭)<br>▪ইউনিয়ন পরিষদ (৪৫৫৮) | ▪সিটি কর্পোরেশন (১১)<br>▪পৌরসভা (৩১৯) |

**স্থানীয় সরকার সংস্থা**

- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
- ওয়াসা (ঢাকা, রাজশাহী, খুলনা, চট্টগ্রাম এবং সিলেট)
- জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান
- মশক নিবারণী দপ্তর

### পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

**স্থানীয় সরকার প্রতিষ্ঠান**

- আঞ্চলিক পরিষদ (১)
- জেলা পরিষদ (৩)

# স্থানীয় সরকার খাতে উল্লেখযোগ্য অর্জন (২০০৯-২০১২)

জনপ্রতিনিধিত্ব

- সর্বমোট ৫,৪৩৯টি স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ৫,৩৭৩টিতে (৯৮.৭৮%) নির্বাচিত জনপ্রতিনিধি

অবকাঠামো

- ২১,৩১০ কিমি কাঁচা/পাকা সড়ক, ১,৮২২ মিটার ব্রিজ/ কালভার্ট, ৭৯১টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ও ১,৩২৭টি গ্রোথ সেন্টার নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ

ক্ষমতায়ন

- প্রকল্পের মাধ্যমে ৯৮,২৪০ জন দুস্থ নারীর কর্মসংস্থানের সৃষ্টি
- নারী বাজার শাখা নির্মাণ ও আলাদা দোকানের বরাদ্দ
- সংগঠনের মাধ্যমে প্রায় ৯০,০০০ পরিবারকে ঋণ ও প্রশিক্ষণ প্রদান
- আদিবাসী জনগোষ্ঠীর জীবনযাত্রার মান ও অবকাঠামো উন্নয়নের জন্য প্রকল্প প্রণয়ন

কর্মদক্ষতা

- ৪১,৩৭০ জন জনপ্রতিনিধি ও কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ
- ১৩৩টি পৌরসভায় ডিজিটাল মাস্টার প্ল্যান, কর ব্যবস্থাপনা, ট্রেড লাইসেন্স হিসাব পদ্ধতি, পানির বিল ইত্যাদি বিষয়ে সফটওয়্যার উন্নয়ন এবং প্রশিক্ষণ

প্রযুক্তি

- ইউনিয়ন পরিষদে তথ্য সেবা কেন্দ্র স্থাপন ও ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার সরঞ্জাম সরবরাহ
- জিআইএস ম্যাপিং, পরিসংখ্যাপত্র এবং উন্নত সফটওয়্যার ব্যবহার
- অন-লাইন জন্ম নিবন্ধনের কার্যক্রম গ্রহণ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# উল্লেখযোগ্য আইনি সীমাবদ্ধতা

- কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণ (যেকোনো কাজ সম্পাদন, বাতিল, স্থগিত, প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন এবং সম্পত্তির হস্তান্তর প্রভৃতির ওপর)
- উপজেলা পরিষদ এবং জেলা পরিষদে সংসদ সদস্য উপদেষ্টা
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের গাফিলতি বা অসদাচরণের জন্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নেই
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নির্বাচনের সময় নির্ধারণ ও তফসিল ঘোষণার সিদ্ধান্ত কে গ্রহণ করবে তা নির্ধারিত নয়
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সংরক্ষিত নারী সদস্যদের দায়িত্ব ও কাজের আওতা সম্পর্কে কোনো বিধিমালা নেই
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের স্থায়ী কমিটিতে পরিষদের সদস্য ছাড়া অন্যান্য সদস্যদের যোগ্যতা সুনির্দিষ্টভাবে উল্লেখ নেই
- প্রকল্প সমাপ্ত হবার পর লজিস্টিকস ব্যবহার সম্পর্কে অধিদপ্তর বা মন্ত্রণালয়ের কোনো নীতিমালা নেই
- প্রকল্পের গাড়ি কিভাবে ব্যবহার করা হবে সে সম্পর্কে বিধিতে উল্লেখ নেই

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা

## জনবল সংক্রান্ত

- অনুমোদিত পদের বিপরীতে অপর্যাপ্ত জনবল - ইউনিয়ন পরিষদে ২৫ শতাংশ শূন্যপদ (হিসাব রক্ষক); পৌরসভায় মোট জনবলের ৪০ শতাংশ ও জেলা পরিষদে ২০ শতাংশ শূন্য
- প্রয়োজনের তুলনায় স্বল্প জনবল (পৌরসভা, সিটি কর্পোরেশন, উপজেলা পরিষদ, জেলা পরিষদ)
- নিয়োগ ও পদায়ন - কেন্দ্রীয় সরকারের ওপর নির্ভরশীলতা ও নিয়ন্ত্রণ

## সম্মানী ও বেতন-ভাতা সংক্রান্ত

- ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের এবং পৌরসভার কাউন্সিলদের সম্মানী কম
- বেতন বৃদ্ধি সংক্রান্ত বোর্ড দেরিতে বসার (ছয়মাস থেকে একবছর) কারণে সুবিধা পেতে দেরি হয় - সিটি কর্পোরেশন
- পৌরসভা ও সিটি কর্পোরেশনের পরিদর্শকদের পরিদর্শনে যাওয়ার জন্য মাসিক ভাতা ৬০ টাকা যা প্রয়োজনের তুলনায় খুবই কম

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা...


## দক্ষতা সংক্রান্ত

- কর্মকর্তা-কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ঘাটতি - প্রয়োজনীয় সরঞ্জাম ও প্রযুক্তি উপকরণের ব্যবহার করতে না পারা; বিষয়বস্তুর সাথে সংগতি থাকে না এমন প্রতিবেদন লেখা; সঠিকভাবে কর নির্ধারণ, তদারকি, দায়িত্ব পালন করতে না পারা

## বাজেট ও বরাদ্দ বিতরণ সংক্রান্ত

- জাতীয় বাজেটে স্থানীয় সরকার খাতের বরাদ্দের হার কমে যাওয়ার প্রবণতা

জাতীয় বাজেটে স্থানীয় সরকার খাতে বরাদ্দ (%)



# প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা...

## বাজেট ও বরাদ্দ বিতরণ সংক্রান্ত ...

- বার্ষিক উন্নয়ন বরাদ্দ বিতরণের ক্ষেত্রে জনসংখ্যা, আয়তন ও প্রয়োজন বিবেচনা না করা
- অর্থবছরের বরাদ্দের শেষ কিস্তি দেরিতে ছাড়
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বাজেট কেন্দ্রীয় সরকারের বরাদ্দের ওপর নির্ভরশীল

| প্রতিষ্ঠানের ধরন | সরকারি অনুদান (%) | নিজস্ব আয় (%) |
|---|---|---|
| জেলা পরিষদ | ৩২-৬০ | ৪০-৬৮ |
| উপজেলা পরিষদ | ২৫-৫১ | ৪৯-৭৫ |
| ইউনিয়ন পরিষদ | ৫৬-৯০ | ১০-৪৪ |
| পৌরসভা | ৫৬-৮২ | ১৮-৪৪ |
| সিটি কর্পোরেশন | ৪৮-৭৯ | ২১-৫২ |

## স্থানীয় সরকার প্রতিষ্ঠানের আন্তঃসমন্বয়

- স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয়ের অভাব
- আইন অনুযায়ী সমন্বয় কমিটি গঠন করা হলেও তা কার্যকর নয়

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা...

## তথ্য ব্যবস্থাপনা ও তথ্য প্রকাশ সংক্রান্ত

- ওয়েবসাইট - অধিকাংশ স্থানীয় সরকার প্রতিষ্ঠানে ওয়েবসাইট নেই; প্রয়োজনীয় তথ্যের অভাব রয়েছে; তথ্য হালনাগাদ করা হয় না

## অবকাঠামো ও লজিস্টিকস সংক্রান্ত

- নিজস্ব ভবন / নিজস্ব অফিস কার্যালয় নেই - ইউনিয়ন পরিষদে প্রায় ২৩%, উপজেলা পরিষদে ২৯%; নির্মাণের জন্য স্থান সংকুলান না হওয়া, বরাদ্দের অভাব
- জরাজীর্ণ অফিস, কক্ষ স্বল্পতা, বসার জায়গায় স্বল্পতা - সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ, ওয়াসা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের একাধিক কেন্দ্রীয়, আঞ্চলিক ও ওয়ার্ড কার্যালয়
- প্রয়োজন অনুযায়ী আসবাবপত্র ও কম্পিউটার না থাকা, প্রকল্প তদারকির জন্য প্রয়োজনীয় গাড়ি না থাকা

# উন্নয়নমূলক কাজ সংক্রান্ত সীমাবদ্ধতা

## পরিকল্পনা পর্যায় হতে উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নে দীর্ঘসূত্রতা

- প্রায় সব প্রকল্প প্রস্তাবনা একাধিকবার সংশোধন
- প্রকল্পের বিতরণকৃত বরাদ্দ প্রস্তাবিত বাজেট বরাদ্দ থেকে কম বা বেশি হয়

## পরিবীক্ষণ সংক্রান্ত

- জনবলের অভাবে প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়নে ঘাটতি
- কারিগরি বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি দিয়ে পরিবীক্ষণ করা হয় না
- নির্ধারিত ছক পরিমাণগত তথ্য-নির্ভর, ফলে বাস্তবায়িত কাজের গুণগত মান সম্পর্কে ধারণা পাওয়া যায় না
- প্রকল্প-পরবর্তী তত্ত্বাবধানের অভাবে প্রকল্প কার্যকর ও টেকসই হয় না

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সেবামূলক কার্যক্রমে সীমাবদ্ধতা

**ট্রেড লাইসেন্স - ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন**

- তদারকির ঘাটতি- একটি ব্যবসার লাইসেন্স ব্যবহার করে একাধিক ধরনের ব্যবসা করা

**সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম - ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন**

- চাহিদা/ প্রয়োজনের তুলনায় বরাদ্দ বা কার্ডের সংখ্যা কম
- নির্ধারিত বরাদ্দ (চাল/গম) পরিবহনের জন্য প্রয়োজনীয় ভাতা নেই বা থাকলেও পরিমাণে কম

**বিচার ও সালিশ - ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন**

- গ্রাম আদালতকে গতিশীল করার ক্ষেত্রে প্রয়োজনীয় লোকবলের ঘাটতি
- প্রভাবশালী ব্যক্তিদের অসহযোগিতার মনোভাব


**হোল্ডিং কর নির্ধারণ ও প্রদান - ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন**

- 'ম্যানুয়াল' পদ্ধতির কর ব্যবস্থাপনা জটিল ও সময়সাপেক্ষ
- আঞ্চলিক অফিসে এবং বাড়ি থেকে হোল্ডিং কর আদায়ের ব্যবস্থা

**আবর্জনা ব্যবস্থাপনা - পৌরসভা ও সিটি কর্পোরেশন**

- প্রয়োজনীয় সংখ্যক ডাস্টবিন, প্রচারণা ও তদারকির অভাব

# স্থানীয় সরকার প্রতিষ্ঠান শক্তিশালীকরণে সীমাবদ্ধতা




- শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ক্ষেত্রে দুইটি নির্দেশক - বরাদ্দ বিতরণ ও সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে কিছুটা অগ্রগতি
- অন্য পাঁচটি নির্দেশকের (আয়ের পরিসর বৃদ্ধিকরণ, স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিশ্চিতকরণের জন্য নাগরিক উদ্যোগ গ্রহণ, সংসদ সদস্য ও সরকারি কর্মকর্তাগণের ভূমিকা ও এখতিয়ার সুনির্দিষ্টকরণ, জেলাকে স্থানীয় সরকারের কেন্দ্রবিন্দু হিসেবে চিহ্নিতকরণ, স্থানীয় সরকার সার্ভিস বিধি প্রবর্তন) ক্ষেত্রে দৃশ্যমান উদ্যোগ নেই

# স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নারী প্রতিনিধিদের অবস্থান

- দায়িত্ব এবং কর্তব্য সম্পর্কে নারী প্রতিনিধিদের সুস্পষ্ট ধারণা নেই
- স্থায়ী কমিটিতে প্রাধান্য দেওয়া হয় না
- সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশ নিতে পারে না
- বাজেট প্রণয়নে বৈষম্যের শিকার হয়
- উন্নয়নমূলক কাজে সরাসরি সম্পৃক্ত করা হয় না
- বিচার ও সালিশে নারী প্রতিনিধিদের মতামতের গুরুত্ব অনেকসময় দেওয়া হয় না
- বিচার ও সালিশের প্রক্রিয়ায় চেয়ারম্যান/ মেয়রের প্রভাব বিদ্যমান

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# প্রাতিষ্ঠানিক অনিয়ম ও দুর্নীতি

## নিয়োগ, পদায়ন, বদলি ও পদোন্নতি সংক্রান্ত

- নিয়োগ ও পদায়ন - রাজনৈতিক প্রভাব, স্বজনপ্রীতি, ঘুষ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানের ক্ষমতার প্রভাব লক্ষণীয়; প্রেষণে নিয়োগের ক্ষেত্রে নির্ধারিত গ্রেডের থেকে উচ্চ গ্রেডের কর্মকর্তাকে পদায়ন (এলজিইডি ও সিটি কর্পোরেশন)
- বদলি - তদবির, ঘুষ এবং রাজনৈতিক প্রভাব (এলজিইডি ও সিটি কর্পোরেশন)
- পদোন্নতি - রাজনৈতিক প্রভাব, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের ক্ষমতার প্রভাব (এলজিইডি ও সিটি কর্পোরেশন)

## সম্মানী বৃদ্ধি সংক্রান্ত

- সম্মানী বৃদ্ধির জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান থেকে স্থানীয় সরকার বিভাগে ঘুষ দেওয়ার অভিযোগ রয়েছে

## দক্ষতা সংক্রান্ত

- প্রশিক্ষণের জন্য কর্মী বাছাইয়ে অনিয়ম - প্রেষণে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিদের দেশের বাইরে প্রশিক্ষণ (সিটি কর্পোরেশন)

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# প্রাতিষ্ঠানিক অনিয়ম ও দুর্নীতি...

## বাজেট ও বরাদ্দ বিতরণ সংক্রান্ত

- সংশোধিত বাজেটে স্কিম গ্রহণে দলীয় প্রভাব - মেয়র/ চেয়ারম্যানের একচ্ছত্র আধিপত্য, ক্ষমতাসীন দলের রাজনৈতিক নেতাদের প্রভাব
- বিভিন্ন প্রকল্প ও বিশেষ বরাদ্দের জন্য স্থানীয় সরকার বিভাগের ঘুষ আদায় করা
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানে বিরোধীদলীয় জনপ্রতিনিধির ক্ষেত্রে বিশেষ উন্নয়ন বরাদ্দ কম দেওয়ার অভিযোগ

## স্থানীয় সরকার প্রতিষ্ঠানের স্থায়ী কমিটি

- কোনো কোনো প্রতিষ্ঠানে সবগুলো স্থায়ী কমিটি গঠন করা হয় নি
- স্থায়ী কমিটি কার্যকর নয় - পরিষদের অনাগ্রহ, বাজেট স্বল্পতা

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# প্রাতিষ্ঠানিক অনিয়ম ও দুর্নীতি...

## তথ্য ব্যবস্থাপনা ও তথ্য প্রকাশ সংক্রান্ত

- নাগরিক সনদ সংক্রান্ত - কোনো কোনো স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নাগরিক সনদ নেই, থাকলেও প্রয়োজনীয় তথ্য নেই, অনেকক্ষেত্রে উন্মুক্ত স্থানে টাঙানো থাকে না
- নোটিস বোর্ড - কিছু স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নোটিস বোর্ড নেই, থাকলেও সকল তথ্য নোটিস বোর্ডে দেওয়া হয় না

## লজিস্টিকস সংক্রান্ত

- সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও মন্ত্রণালয়ের কর্মকর্তা এবং ক্ষমতাসীন দলের স্থানীয় নেতা-কর্মী নিয়ম-বহির্ভূতভাবে গাড়ি ব্যবহার করে (এলজিইডি, জেলা পরিষদ)
- অনেক সচল গাড়ি গ্যারেজে অকেজো হিসেবে দেখানো হয়; এসব গাড়ির যন্ত্রাংশ চুরি করার ফলে তা অকেজো হয়ে যায় (সিটি কর্পোরেশন)
- গাড়ির সমস্যা না থাকা সত্ত্বেও গাড়ি ওয়ার্কশপে পাঠানো হয়; ভুয়া বিল দাখিলের মাধ্যমে অর্থ আত্মসাৎ (এলজিইডি, সিটি কর্পোরেশন)

# নিরীক্ষা ও পরিবীক্ষণে অনিয়ম ও দুর্নীতি

## নিরীক্ষা সংক্রান্ত

- সংশ্লিষ্ট সরকারি সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ইচ্ছানুযায়ী নিরীক্ষা প্রতিবেদন তৈরি - ঘুষ ও উপঢৌকন দেওয়া এবং থাকা খাওয়ার ব্যবস্থা করা

### নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী অনিয়মের ধরন

- প্রাপ্ত রাজস্ব সরকারি কোষাগারে জমা না দেওয়া
- আয়কর বাবদ কম টাকা আদায় করা
- ঠিকাদারদের বিল হতে মূল্য সংযোজন কর আদায় না করা
- শিডিউলের জামানতের টাকা বাজেয়াপ্ত না করা
- অনুমোদন ছাড়া বার্ষিক কর্মসূচির আওতা-বহির্ভূত কার্যসম্পাদন
- অনিয়মিত ব্যয়, চেক জালিয়াতির মাধ্যমে আত্মসাৎ

## পরিবীক্ষণ সংক্রান্ত

- পরিবীক্ষণ কর্মকর্তা কর্তৃক ঠিকাদার হতে ঘুষ আদায়
- কোনো কোনো ক্ষেত্রে পরামর্শকের ওপর প্রকৌশলীর প্রভাব বিস্তার

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# উন্নয়নমূলক কার্যক্রমের পরিকল্পনা পর্যায়ে অনিয়ম ও দুর্নীতি

## উন্নয়নমূলক কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণ সংক্রান্ত

- পরিকল্পনা প্রণয়নের জন্য ওয়ার্ড সভা না করা - ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন
- প্রকল্প প্রণয়ন প্রক্রিয়ায় শুধু চেয়ারম্যানের মতামত গ্রহণ - ইউনিয়ন পরিষদ

## প্রকল্প গ্রহণে দলীয় রাজনৈতিক প্রভাব

- মন্ত্রী ও সংসদ সদস্যদের হস্তক্ষেপ
- প্রকল্প অনুমোদনের পর সংসদ সদস্যদের প্রভাবে প্রকল্পের পরিধি বৃদ্ধি

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# উন্নয়নমূলক কার্যক্রমের পরিকল্পনা পর্যায়ে অনিয়ম ও দুর্নীতি

## দীর্ঘমেয়াদি উন্নয়ন পরিকল্পনা সংক্রান্ত

- স্থানীয় সরকারের বিভিন্ন স্তরের পরামর্শ বিবেচনা না করে পরিকল্পনা প্রণয়ন - জেলা পরিষদ
- দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন না করা

## সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত

- ক্ষেত্রবিশেষে সম্ভাব্যতা যাচাই না করে এ খাতে বরাদ্দকৃত অর্থ আত্মসাৎ
- স্বজনপ্রীতি এবং যোগসাজশের মাধ্যমে বিশেষজ্ঞ নিয়োগ
- বাস্তবতার নিরিখে প্রতিবেদন প্রণয়ন না করে ধারণা সংবলিত প্রতিবেদন প্রণয়ন

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# উন্নয়নমূলক কাজ বাস্তবায়নে দুর্নীতি

## দরপত্র নিয়ন্ত্রণ - পৌরসভা, সিটি কর্পোরেশন ও অধিদপ্তরসমূহ

| দরপত্রের প্রক্রিয়া | দুর্নীতির ধরন |
| --- | --- |
| সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ | ▪ প্রচারসংখ্যা কম এমন পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ<br>▪ দ্বিতীয় সংস্করণে বিজ্ঞপ্তি প্রকাশ না করা<br>▪ পত্রিকার সব কপি ক্রয়<br>▪ বিজ্ঞাপন প্রকাশিত হওয়ার পূর্বে ঠিকাদার অবহিত |
| শিডিউল ক্রয় | ▪ দরপত্রের শিডিউল দেরিতে ছাড়া<br>▪ ঠিকাদারদের শিডিউল ক্রয়ে ক্ষমতাসীন দলের বাধা দেওয়া |
| শিডিউল জমা | ▪ জমা দেওয়ার আগে কাজ বণ্টন<br>▪ সমঝোতার মাধ্যমে জমা<br>▪ জমা দিতে বাধা দান<br>▪ অন্যের লাইসেন্স ব্যবহার |
| মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্র যাচাই-বাছাই ও কার্যাদেশ প্রদান | ▪ রাজনৈতিক প্রভাব<br>▪ প্রকৌশলী, বাস্তবায়ন কমিটি ও ঠিকাদারদের মধ্যে সমঝোতা<br>▪ ঠিকাদারের কাগজপত্র যাচাই না করা |

# উন্নয়নমূলক কাজ বাস্তবায়নে দুর্নীতি...

## কার্যাদেশ প্রদান প্রক্রিয়ায় দলীয় প্রভাব

- জাতীয় ও স্থানীয় পর্যায়ে ক্ষমতাসীন রাজনৈতিক দল বা জোটের নেতা-কর্মীদের কার্যাদেশ প্রক্রিয়া নিয়ন্ত্রণ - কাজ দেওয়ার জন্য নির্দিষ্ট হারে কমিশন আদায় (সিটি কর্পোরেশন, এলজিইডি)
- রাজনৈতিক নেতার সাথে মেয়র, বাস্তবায়ন কমিটি এবং প্রকৌশলীর সমঝোতার মাধ্যমে কাজ বণ্টন - বরাদ্দের একটি নির্দিষ্ট অংশ সমঝোতাকারীদের মধ্যে ভাগ (ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন, এলজিইডি)

## অর্থের বিনিময়ে অন্যের কাছে কার্যাদেশ বিক্রি

- কার্যাদেশ পাওয়া পর্যন্ত খরচ এবং দরপত্র মূল্যের একটি অংশ রেখে কার্যাদেশ বিক্রি (পৌরসভা, সিটি কর্পোরেশন এবং এলজিইডি)

## লজিস্টিকস ক্রয় সংক্রান্ত

- উন্মুক্ত দরপত্র বা কোটেশন পদ্ধতিতে কাজ পেতে প্রভাবশালী রাজনৈতিক নেতা-কর্মীদের পাশাপাশি মেয়র/ চেয়ারম্যান ও কর্মকর্তা-কর্মচারীদের অবৈধভাবে অর্থ আদায়

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# উন্নয়নমূলক কাজ বাস্তবায়নে দুর্নীতি...

## বিল এবং জামানতের টাকা উঠানো সংক্রান্ত

- প্রকল্প প্রস্তাবনা অনুযায়ী কাজ বাস্তবায়ন না করেই বিল উত্তোলন
- কাজ চলাকালীন এবং বিল উত্তোলনে ঠিকাদারদের বিল হতে অবৈধভাবে অর্থ আদায়
- জামানত (১ বছর) এবং বিলের (৫ থেকে ৬ মাস) টাকা ওঠানোর ক্ষেত্রে দীর্ঘসূত্রতা

## অন্যান্য দুর্নীতি

- ইউনিয়ন পরিষদে স্থানীয় সরকার সহায়তা প্রকল্পের স্কিমের নকশা প্রণয়নে সহায়তা পেতে উপজেলা প্রকৌশলীকে অবৈধভাবে অর্থ দিতে হয়
- স্থানীয় সরকার সহায়তা প্রকল্পের ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটরকে ক্ষেত্রবিশেষে ঘুষ, উপঢৌকনসহ বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা প্রদানের অভিযোগ রয়েছে
- ইউপিপিআর-সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে রাজনৈতিক প্রভাব

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# উন্নয়নমূলক কাজ বাস্তবায়নে দুর্নীতি...

- একই প্রকল্প একাধিকবার দেখিয়ে
- ভুয়া প্রকল্প দেখিয়ে
- পূর্বের শেষ হওয়া প্রকল্পের কাজ দেখিয়ে
- বরাদ্দের টাকা আসার পর যোগসাজশ
- চলমান এক প্রকল্পের কাজ অন্য প্রকল্পে দেখিয়ে
- অর্ধেক কাজ করে
- অতিরিক্ত বিল দেখিয়ে

**সংশ্লিষ্ট কর্মকর্তা/ জনপ্রতিনিধির দ্বারা অর্থ আত্মসাৎ**

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সেবামূলক কার্যক্রমে অনিয়ম ও দুর্নীতি

**সনদ ও ট্রেড লাইসেন্স সংক্রান্ত - ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন**

- সনদ (জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ, চারিত্রিক সনদ, ওয়ারিশ সনদ, প্রত্যয়নপত্র) দেওয়ার ক্ষেত্রে অবৈধভাবে অর্থ আদায়
- ব্যবসার স্থাপনা পরিদর্শন না করেই লাইসেন্স প্রদান - নির্মাণাধীন ভবনের ঠিকানায় লাইসেন্স প্রদান
- ট্রেড লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে অবৈধভাবে অর্থ আদায়
- সময়ক্ষেপণ ও দালাল কর্তৃক হয়রানি
- সংশ্লিষ্ট কর্মচারী অথবা দালাল কর্তৃক অবৈধ অর্থের বিনিময়ে ট্রেড লাইসেন্স প্রাপ্তির প্রয়োজনীয় নথি বিক্রয়

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সেবামূলক কার্যক্রমে অনিয়ম ও দুর্নীতি...

## সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম সংক্রান্ত - ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন

- গোডাউন থেকে বরাদ্দ কম আসা
- কর্মসূচিতে অন্তর্ভুক্ত করার জন্য অবৈধভাবে অর্থ আদায়
- বরাদ্দ বা ভাতার একটি অংশ কেটে রাখা; কখনো কখনো সম্পূর্ণ বরাদ্দ আত্মসাৎ
- সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচিতে অন্তর্ভুক্ত হতে দীর্ঘসূত্রতা, স্বজনপ্রীতি, ভীতি প্রদর্শন ও প্রভাবশালী ও রাজনৈতিক হস্তক্ষেপের শিকার
- মৃত ব্যক্তিকে অসুস্থ দেখিয়ে ভাতা উত্তোলন
- টিআর ও কাবিখার বরাদ্দ এবং বিলের টাকা ছাড় করতে পিআইও'র অবৈধভাবে অর্থ আদায়

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সেবামূলক কার্যক্রমে অনিয়ম ও দুর্নীতি...

**বিচার ও সালিশ সংক্রান্ত - ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন**

- বিচারপ্রার্থীর কাছ থেকে নিয়ম-বহির্ভূতভাবে অর্থ আদায়
- স্বজনপ্রীতি, প্রতারণা ও ভীতি প্রদর্শন
- প্রভাবশালী ও রাজনৈতিক নেতাকর্মীর হস্তক্ষেপ
- বিচার-সালিশের রায় লিখিতভাবে বাদী-বিবাদীকে প্রদান না করা ও সংরক্ষণ না করা

**হোল্ডিং বা চৌকিদারি কর নির্ধারণ ও আদায় সংক্রান্ত - ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন**

- কর নির্ধারণ প্রক্রিয়ায় দীর্ঘসূত্রতা
- নিয়ম-বহির্ভূত অর্থ আদায়
- কম বা অধিক মূল্য নির্ধারণ এবং অনিয়মিত পুনঃমূল্য নির্ধারণ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সেবামূলক কার্যক্রমে অনিয়ম ও দুর্নীতি...

**আবর্জনা ব্যবস্থাপনা সংক্রান্ত** - পৌরসভা, সিটি কর্পোরেশন

- ময়লা পরিবহনকারী গাড়ির চালকেরা ময়লা পরিবহনে বরাদ্দ ট্রিপের তুলনায় কম ট্রিপ দেয় এবং অব্যবহৃত ট্রিপের তেল বিক্রি করে টাকা আত্মসাৎ করে
- পরিচ্ছন্নতা কর্মীদের বেতনের অংশবিশেষ অবৈধভাবে কেটে রাখে
- বিশেষ পরিচ্ছন্নতা কর্মসূচির কাজে মিথ্যা স্বাক্ষর বা টিপসই দিয়ে মজুরি বাবদ টাকা তুলে আত্মসাৎ করে (সিটি কর্পোরেশন)
- রাস্তায় ইট, বালি, পাথর ও অন্যান্য ময়লা ফেলে রাখার জন্য সাজা এবং জরিমানার বিধান থাকলেও তা প্রয়োগ করা হয় না

**পানি পরিসেবা সংক্রান্ত** - ওয়াসা, সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

- বিভিন্ন সেবার জন্য নিয়ম-বহির্ভূত অর্থ আদায় - নতুন সংযোগ, পুনঃসংযোগ, রাস্তা কাটার অনুমতি, পাইপ লাইনের আকার বর্ধিতকরণ
- স্বজনপ্রীতি, প্রতারণা - টাকা নিয়েও নলকূপ না দেওয়া
- অতিরিক্ত বা ভৌতিক বিল

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# স্থানীয় সরকার খাতে দুর্নীতির হার

| কাজের ধরন | হার* |
|---|---|
| প্রকল্প ও বিশেষ বরাদ্দ পাওয়ার জন্য স্থানীয় সরকার বিভাগে ঘুষ | প্রকল্প ভেদে ১-১০% |
| পৌরসভার মেয়রের সম্মানী বৃদ্ধির জন্য স্থানীয় সরকার বিভাগে ঘুষ | ২০ লক্ষ টাকা |
| পৌরসভার পক্ষ থেকে নিরীক্ষা কর্মকর্তাকে ঘুষ | ৪০,০০০ - ৮০,০০০ টাকা |
| ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে নিরীক্ষা কর্মকর্তাকে ঘুষ | ৫,০০০ - ৭,০০০ টাকা |
| উন্নয়নমূলক কাজের কার্যাদেশ পাওয়ার জন্য ক্ষমতাসীন রাজনৈতিক দল বা জোটের নেতা-কর্মীদের ঘুষ | বরাদ্দের ১০%-২০% |
| সমঝোতার মাধ্যমে উন্নয়নমূলক কাজ বণ্টনে কমিশন | বরাদ্দের ১০%-১৫% |
| কার্যাদেশ বিক্রিতে কমিশন | কার্যাদেশ প্রাপ্তি মূল্য এবং দরপত্র মূল্যের ১০-১৫% |
| লজিস্টিকস ক্রয়ের কাজ পেতে রাজনৈতিক নেতা-কর্মী, মেয়র/চেয়ারম্যান এবং কর্মকর্তা-কর্মচারীদের ঘুষ | কাজের মূল্যের ১০-১৫% |

* দুর্নীতির অভিযোগ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন


# স্থানীয় সরকার খাতে দুর্নীতির হার


| কাজের ধরন | হার* |
|---|---|
| কাজ চলাকালীন এবং বিল উত্তোলনে ঠিকাদারদের বিল হতে ঘুষ আদায় | স্থানীয় সরকার প্রতিষ্ঠানে কার্যাদেশ মূল্যের ৫% থেকে ১০%; এলজিইডি'তে ৮.৫% থেকে ১০.৫% |
| ইউপিপিআর-এর বরাদ্দ আসার পর মেয়র, নির্বাহী প্রকৌশলী ও টাউন ম্যানেজারের যোগসাজশে কেটে রাখা | ১৫%-২০% |
| এলজিএসপি-২ প্রকল্পের স্কিমের নকশা প্রণয়নে সহায়তার জন্য উপজেলা প্রকৌশলীকে | বরাদ্দের ২%-৩% |
| টিআর ও কাবিখার বরাদ্দ ও বিলের টাকা ছাড় করাতে পিআইও'র ঘুষ | টন প্রতি ১,০০০-১,৫০০ টাকা |
| পরিচ্ছন্নতা কর্মীদের কাজে অবহেলার সুযোগ নিয়ে বেতনের আংশিক অবৈধভাবে কেটে রাখা | ঢাকা সিটি কর্পোরেশনে জনপ্রতি ২২৫ টাকা |

* দুর্নীতির অভিযোগ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সেবামূলক কার্যক্রমে ঘুষের হার ও পরিমাণ




উৎস: জাতীয় খানা জরিপ, ২০১২, টিআইবি

# স্থানীয় সরকার খাতে সুশাসনের ঘাটতির কারণ-ফলাফল-প্রভাব

## কারণ

- সরকারের নিয়ন্ত্রণ
- রাজনৈতিক দলীয়করণ
- সরকারের সদিচ্ছার ঘাটতি
- বিধিমালা ও নীতিমালার ঘাটতি এবং আইন ও বিধিমালার ব্যত্যয়
- দীর্ঘসূত্রতা
- আর্থিক সক্ষমতার অভাব
- জনবল ব্যবস্থাপনায় দুর্বলতা
- তদারকির ঘাটতি
- সমন্বয়ের অভাব
- অপর্যাপ্ত ভাতা
- দুর্বল তথ্য ব্যবস্থাপনা

স্বচ্ছতা ও জবাবদিহিতার ঘাটতি

## ফলাফল

- প্রয়োজনীয় ও দক্ষ জনবলের ঘাটতি
- স্থায়ী কমিটি গঠিত না হওয়া এবং কার্যকর না থাকা
- লজিস্টিকস স্বল্পতা এবং ব্যবহার ও ক্রয়ে দুর্নীতি
- নিয়োগ, পদায়ন, পদোন্নতি ও বদলিতে দুর্নীতি
- বিভিন্ন প্রকল্প ও সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচিতে অন্তর্ভুক্তিতে দুর্নীতি
- যথাযথ সেবা না পাওয়া
- প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে দুর্নীতি
- মানসম্মত কাজ না হওয়া
- আর্থিক ক্ষতি

স্বচ্ছতা ও জবাবদিহিতার ঘাটতি

## প্রভাব

- দুর্বল স্থানীয় সরকার
- প্রকৃত চাহিদা অনুযায়ী টেকসই উন্নয়ন না হওয়া
- সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন না হওয়া
- দুর্নীতির প্রাতিষ্ঠানিকীকরণ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সার্বিক পর্যবেক্ষণ

- স্থানীয় উন্নয়নে স্থানীয় সরকার খাতের অর্জন ইতিবাচক, তবে বিভিন্ন সীমাবদ্ধতা, দুর্নীতি ও রাজনৈতিক প্রভাব না থাকলে অর্জন আরও বেশি হতে পারত
- বিদ্যমান সুশাসনের সমস্যা, সীমাবদ্ধতা ও দুর্নীতির পেছনে দুই ধরনের নিয়ামক
  - **বাহ্যিক** - সরকারের নিয়ন্ত্রণ, দলীয় রাজনৈতিক প্রভাব, দীর্ঘসূত্রতা, সরকারের সদিচ্ছার ঘাটতি, অপর্যাপ্ত বরাদ্দ
  - **অভ্যন্তরীণ** - জনবল ব্যবস্থাপনার দুর্বলতা, তদারকির ঘাটতি, নীতিমালা ও বিধিমালার ঘাটতি, আইন ও বিধিমালার বাস্তবায়নের অভাব, স্বচ্ছতার ঘাটতি উল্লেখযোগ্য
- স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং সংস্থার সাথে স্থানীয় উন্নয়নের নিবিড় সম্পর্ক থাকার কারণে এ খাতকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহারের প্রবণতা; বিভিন্ন সুবিধা আদায়
- কোনো কোনো ক্ষেত্রে দুর্নীতির প্রাতিষ্ঠানিকীকরণ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সুপারিশমালা

## নীতি নির্ধারণী পর্যায়

১. সংশ্লিষ্ট আইন সংশোধন করে তৃণমূল পর্যায়ের উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে সংসদ সদস্যদের সম্পৃক্ততা বন্ধ করতে হবে

২. প্রশাসন এবং স্থানীয় সরকার জনপ্রতিনিধিদের মধ্যে ক্ষমতা ও দায়িত্বের সুষম বণ্টন করতে হবে

৩. যেসব স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নির্বাচন অনুষ্ঠিত হয়নি সেসব প্রতিষ্ঠানে দ্রুত নির্বাচনের উদ্যোগ নিতে হবে।

৪. স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সরকারি বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের শ্রেণির পাশাপাশি জনসংখ্যা, আয়তন এবং প্রয়োজন বিবেচনা করতে হবে

৫. সংরক্ষিত নারী সদস্যদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কিত বিধিমালা প্রণয়ন করতে হবে

৬. চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় জনবল নিয়োগের ব্যবস্থা করতে হবে

৭. পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সক্ষমতা বাড়াতে হবে। এক্ষেত্রে গুণগত (কারিগরি বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি দিয়ে করানো ও সরেজমিন) এবং পরিমাণগত (বেশি সংখ্যক) মান বাড়াতে হবে

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সুপারিশমালা...

## নীতি নির্ধারণী পর্যায়...

৮. স্থায়ী কমিটিগুলোর গঠন নিশ্চিত ও সক্রিয় করতে নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা চালু করতে হবে।

৯. প্রকল্পভিত্তিক লজিস্টিকস ব্যবহার করার ক্ষেত্রে সুনির্দিষ্ট নীতিমালা থাকতে হবে

১০. নৈতিক আচরণবিধি প্রণয়ন ও কঠোরভাবে বাস্তবায়ন করতে হবে

## প্রাতিষ্ঠানিক পর্যায়

১১. কর্মকর্তা-কর্মচারীদের ভাল কাজের জন্য ইতিবাচক প্রণোদনা এবং দুর্নীতির জন্য তদন্ত সাপেক্ষে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে

১২. বাজেট প্রণয়নে জনসম্পৃক্ততা বাড়াতে হবে এবং বাজেটে জনমতের প্রতিফলন থাকতে হবে। উন্মুক্ত মতবিনিময় সভার মাধ্যমে বাজেট প্রকাশ করতে হবে

১৩. ক্রয় কমিটিতে স্থানীয় সচেতন জনসাধারণের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। ই-প্রকিউরমেন্ট প্রক্রিয়া পর্যায়ক্রমে চালু করতে হবে

# সুপারিশমালা...

## প্রাতিষ্ঠানিক পর্যায়...

১৪. নাগরিক সনদ থাকতে হবে এবং তা নিয়মিত হালনাগাদ করতে হবে। নাগরিক সনদ দৃষ্টিগোচর স্থানে প্রকাশ করতে হবে এবং এর প্রচারণার ব্যবস্থা করতে হবে

১৫. স্থানীয় সরকার প্রতিষ্ঠানে সকল আর্থিক লেনদেন রশিদের মাধ্যমে হতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংকের মাধ্যমে লেনদেন করতে হবে

১৬. কর ব্যবস্থাপনা ডিজিটাল করতে হবে

১৭. প্রতিটি স্থানীয় সরকার প্রতিষ্ঠানে অভিযোগ বক্স স্থাপন করতে হবে ও প্রাপ্ত অভিযোগগুলো নিষ্পত্তি করার জন্য পদক্ষেপ নিতে হবে

১৮. তদারকি ব্যবস্থায় জনসম্পৃক্ততা বাড়াতে হবে। এক্ষেত্রে নিয়মিতভাবে 'জনগণের মুখোমুখি' অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে যেখানে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিরা সরাসরি জনগণের বিভিন্ন প্রশ্নের উত্তর দেবেন। এছাড়া নাগরিক সংগঠনের পক্ষ থেকে তথ্য ও পরামর্শ সেবা, তথ্য অধিকার আইন ব্যবহার করে বিভিন্ন তথ্য সংগ্রহ ও প্রচার করা যেতে পারে

ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# ধন্যবাদ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# আইন ও বিধিমালা

১. স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯
২. স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯
৩. জেলা পরিষদ আইন ২০০০
৪. স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯
৫. উপজেলা পরিষদ আইন, ১৯৯৮
৬. উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১
৭. সিটি কর্পোরেশন (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০০৮
৮. পৌরসভা (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১০
৯. উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৩
১০. ইউনিয়ন পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১০
১১. ‘সরকারি গাড়ি ব্যবহার বিধি, ১৯৮২’

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সম্মানী

| প্রতিষ্ঠানের ধরন | চেয়ারম্যান/মেয়রদের সম্মানী (টাকা) | মেম্বার/কাউন্সিলরদের সম্মানী (টাকা) |
|---|---|---|
| ইউনিয়ন পরিষদ | ৩৫০০ | ২০০০ |
| পৌরসভা | ক-২০,০০০ | ক-৫,০০০ |
| | খ-১৫,০০০ | খ-৪,০০০ |
| | গ-১২,০০০ | গ-৩,০০০ |